

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ শক্তিশালীকরণ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

		বাস্তবায়ন ও অগ্রগতি
Strengthening of NSDA প্রকল্প গ্রহণ	২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী গৃহীত কার্যক্রম বা অগ্রগতি এ সভায় নিয়মিত অবহিতকরণের নিমিত্ত উপস্থাপন করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>■ আউটসোর্সিং এর মাধ্যমে ২ জন গবেষণা সহকারী, ২ জন অফিস সহায়ক ও ১ জন ক্লিনার নিয়োগের কাজ সম্পন্ন হয়েছে। ১ জুন ২০২২ তারিখে তারা কর্মস্থলে যোগদান করেছেন।</li> <li>■ প্রকিউরমেন্ট স্পেশালিস্ট নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রকিউরমেন্ট স্পেশালিস্ট গত ২১ জুলাই ২০২২ তারিখে যোগদান করেছেন।</li> <li>■ যানবাহন সেবা ক্রয়ের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ৩১ জুলাই ২০২২ তারিখে চুক্তি সম্পন্ন করা হয়েছে এবং ০১ আগস্ট ২০২২ তারিখ থেকে যানবাহন চলাচল শুরু করেছে।</li> <li>■ ৪টি কম্পিউটার, ৪টি ল্যাপটপ, ১টি স্ক্যানার ও ১টি প্রিন্টার ক্রয় প্রক্রিয়া জুন ২০২২ মাসে সম্পন্ন করা হয়েছে।</li> <li>■ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। ক্রয় পরিকল্পনাটি এনএসডিএ এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) বা HOPE কর্তৃক অনুমোদিত (সংযুক্তি-১)।</li> <li>■ ত্রৈমাসিক ভিত্তিতে আগামী ০১ (এক) বছরের কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-১)।</li> <li>■ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে প্রকল্পের প্রচার ও বিজ্ঞাপন খাত হতে বিশ্ব যুব দক্ষতা দিবস-২০২২ উদযাপনের জন্য দৈনিক ইত্তেফাক, জনকণ্ঠ, বাংলাদেশ বুলেটিন, যুগান্তর, বাংলাদেশ প্রতিদিন, দি ফিন্যান্সিয়াল এক্সপ্রেস পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশিত হয়েছে। এ দিবস উপলক্ষে একটি স্মরণীকাও প্রকাশিত হয়েছে। এছাড়া দিবসটির বহল প্রচারের জন্য ৯০০ পিস টি-শার্ট ও ১০০০ পিস মাস্ক তৈরী ও বিতরণ করা হয়েছে।</li> <li>■ কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড এক্সপার্ট নিয়োগের মূল্যায়ন কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে।</li> <li>■ প্রসেস এক্সপার্ট নিয়োগে মূল্যায়ন কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে।</li> <li>■ মিডিয়া এক্সপার্ট নিয়োগের কাজ চলমান রয়েছে।</li> <li>■ প্রকল্পের গবেষণা কার্যক্রম এগিয়ে নেয়ার লক্ষ্যে ToR প্রণয়নের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে ক্রয় পরিকল্পনা অনুযায়ী সেপ্টেম্বর ২০২২ মাসে একক উৎস ভিত্তিক ক্রয় পদ্ধতির মাধ্যমে ২টি গবেষণা সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠান নিয়োগ করা হবে।</li> <li>■ গত ২৬শে মে ২০২২ তারিখে আর টিভি, ২৯শে মে ২০২২ তারিখে একুশে টিভি ২ জুন ২০২২ তারিখে চ্যানেল আই ও এসএ টিভিতে টকশো প্রচার করা হয়েছে।</li> <li>■ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এসএসডিএ) কর্তৃক দক্ষতা প্রশিক্ষণের বিষয়ে যুবসমাজকে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে জীবনমানের পরিবর্তন ও দক্ষতা প্রশিক্ষণ সম্পর্কে সামাজিক নেতিবাচক ধারণা দূরীকরণের লক্ষ্যে ৫০ সেকেন্ড দৈর্ঘ্যে একটি টিভিসি ২৬ জুন ২০২২ হতে ৩০ জুন ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত আটিভি ও নিউজ ২৪ চ্যানেলে প্রচার করা হয়েছে।</li> <li>■ এ্যাসেসর প্রশিক্ষণ, প্রশিক্ষক প্রশিক্ষণ ও মাস্টার ট্রেনার প্রশিক্ষণ আয়োজনে প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে।</li> <li>■ CS, Curriculum, Assessment tools প্রণয়নে এনএসডিএ এর উল্লিখিত ডকুমেন্ট প্রণয়নের ব্যয় প্রকল্প হতে নির্বাহ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল শাখাকে অনুরোধ জানানো হয়েছে।</li> <li>■ পিআইসি ৩টি সভা এবং পিএসসি'র ১টি সভা অনুষ্ঠিত হয়েছে।</li> </ul>